27

দৈনিক সংবাদ

তারিখ ... 10 FEB. 1998 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৭

### শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি

# কটিয়াদীতে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ

কটিয়াদী (কিশোরগঞ্জ), ৯ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– কটিয়াদী থানার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির খাদ্য নিয়ে দীর্ঘদিন যাবৎ লাগামহীন দুর্নীতি ও অনিয়ম চলছে বলে অভিযোগ রয়েছে।

কটিয়াদী থানা পুলিশ এ থানার ৫৯ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার জন্য খাদ্য কর্মসূচির গম আত্মসাৎ করার অভিযোগে সাজাহান মিঞাকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করা হয়।

চড়িয়াকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ডা মহিউদ্দিন মিঞা অসুস্থ থাকায় তিনি বিদ্যালয়ের ছাত্রদের জন্য বরাদ্দকৃত গম উত্তোলন করতে সাজাহান মিঞাকে অনুমতি প্রদান করেন। উক্ত সাজাহান মিঞা উত্তোলিত গম ছাত্রদের মাঝে আংশিক বিতরণ করে বাকি গম আত্মসাৎ করে।

কটিয়াদী ২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গম নিয়ে দুর্নীতি চলার অভিযোগে উক্ত বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ ফজলুর রহমানের বিরুদ্ধে থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

এ বিদ্যালয়ে গম নিয়ে দুর্নীতি চলছে বলে অভিযোগ পাবার পর কটিয়াদী থানা নির্বাহী কর্মকর্তা বিষয়টি তদন্ত করে রিপোর্ট করার জন্য সহকারী কমিশনার (ভূমিকে) নির্দেশ প্রদান করেন। তদন্তে ঘটনার সত্যতা প্রমাণিত হওয়ায় কটিয়াদী থানা নির্বাহী কর্মকর্তা মুশফিক আহাম্মদ শামীম নিজে বাদি হয়ে থানায় একটি মামলা দায়ের করেন।

এদিকে থানা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচির আওতায় বিতরণকৃত খাদ্যশস্যের রেকর্ড পত্রাদি যাচাই করার জন্য (১) শ্রেণী ওয়ারি ভর্তি রেজিষ্টার/১৯৯৭, (২) শ্রেণী ওয়ারি কার্ডধারী ছাত্রছাত্রিগণের পূর্ণাঙ্গ তালিকা, (৩) ১৯৯৭ ইং সালের শ্রেণীওয়ারি হাজিরা খাতা, (৪) ১৯৯৭ ইং সালের মাসওয়ারি ৮৫% কর্মদিবস উপস্থিত একক/একাধিক কার্ডের সংখ্যা ও (৫) ১৯৯৭ সালের খাদ্যশস্য বিতরণ মাসওয়ারি মাষ্টার রোল তিনদিনের মধ্যে দাখিল করার জন্য থানা শিক্ষা কর্মকর্তা ও স্ব স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে নির্দেশ প্রদান করা হয়। স্মারক নং মনিঅ/কটি ১৮ (৬৫) তারিখ ৮–১–৯৮ ইং।